

বিশ্ব

তারিখ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০  
পৃষ্ঠা ৭ কলাম ৬

NOV. 03 2002

# চট্টগ্রামে চালু হচ্ছে বিজিসি ট্রাস্টের উদ্যোগে দেশের বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম মহানগরী থেকে ৩২ কিলোমিটার দূরে চন্দনাইশের কাঞ্চননগরে গ্রামীণ মনোরম পরিবেশে নির্মিত দেশের অন্যতম বৃহৎ বেসরকারি বিশ্ববিদ্যালয় 'বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ'-এর শিক্ষা কার্যক্রম আগামী সেশন থেকেই শুরু হচ্ছে। চলতি বছরের জানুয়ারিতে সরকারি অনুমোদন পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বিশাল এই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতরেই নির্মিতব্য ১৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল ও মেডিকেল কলেজের কার্যক্রমও আগামী বছরের জানুয়ারি থেকে শুরু হচ্ছে। আগামী ৫ বছরের মধ্যেই হাসপাতালটিকে ৫০০ শয্যায় উন্নীত করার পাশাপাশি একটি নার্সেস ট্রেনিং ইন্সটিটিউটও গড়ে তোলা হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছেন। আজ রোববার সত্যায় নগরীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে অনুষ্ঠিত হবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রথম প্রচোকাশন মিটিং। বেগম ওলচেমন অরু ট্রাস্টের (বিজিসি ট্রাস্ট) উদ্যোগে ট্রাস্টের মালিকানাধীন ৫০ একর জমির ওপর এ বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটির উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন সুপ্রিমকোর্টের সাবেক বিচারপতি

হাবিবুর রহমান খান। বিজিসি ট্রাস্টের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার আফসার উদ্দিন আহমদের উদ্যোগে স্থাপিত এ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে চট্টগ্রাম মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ড. নূরজাহান জুইয়া এবং ট্রেনার হিসেবে চট্টগ্রাম সরকারি কমার্স কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর শাহেতা খান যোগ দিয়েছেন। এছাড়া ভারতের দিল্লি ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড আইটি ফ্যাকাল্টির সাবেক ডিন প্রফেসর ড. প্রিতম সিং শ্রোভার বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটির একই ফ্যাকাল্টির ডিন হিসেবে এবং ভারতের মুম্বাইয়ের ইন্ডিয়ান ইন্সটিটিউট অব ম্যানেজমেন্টের বিবিএ ফ্যাকাল্টির সাবেক ডিন প্রফেসর ড. অভিজিত গঙ্গোপাধ্যায় বিজিসি ট্রাস্ট

ইউনিভার্সিটির একই ফ্যাকাল্টির ডিন হিসেবে যোগ দিয়েছেন। উন্নত শিক্ষা নিশ্চিত করতে কম্পিউটার সায়েন্স ফ্যাকাল্টিতে এবং ল্যাব এসিস্টেন্ট হিসেবে ভারতের বিশেষজ্ঞ ডিন শিক্ষককে নিয়োগ দেয়া হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ে দেশে প্রথমবারের মতো চালু করা হচ্ছে বিআইটিএ (ব্যাচেলর অব ইনফরমেশন টেকনোলজি এপ্লিকেশন) কোর্স, যা দেশের অন্য কোন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে চালু নেই।